


প্রতিযোগিতা কমিশনের সদস্য ড. আফরোজা বিলকিস এর চট্টগ্রাম সফরের প্রেস রিলিজ

২৩/৮/২০২৫ খ্রিঃ তারিখে সকাল ১১ টায় চট্টগ্রাম এর খাতুনগঞ্জ ট্রেড এন্ড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন ব্যবসায়ী সমিতির সাথে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্য জনাব ডঃ আফরোজা বিলকিস ও কমিশনের পরিচালক জনাব বিমলেন্দু ভৌমিক বাংলাদেশ প্রতিযোগিতা আইন ২০১২ বিষয়ে স্থানীয় ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা করেন। উক্ত সভায় ব্যবসা কিরূপে সুষ্ঠুভাবে পরিচালনা করলে দেশের সামগ্রিক অর্থনীতির উন্নয়ন তথা নিজের ব্যবসায় সাফল্য লাভ করবে তার ওপর গুরুত্ব আরোপ করেন।

২৪/৮/২০২৫ খ্রিঃ তারিখে সকাল ১০ টায় চট্টগ্রাম চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সাথে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মতবিনিময় সভা আয়োজিত হয়। এ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কমিশনের সদস্য ডঃ আফরোজা বিলকিস এবং সভাপতিত্ব করেন চেম্বারের প্রশাসক জনাব মোহাম্মদ আনোয়ার পাশা (যুগ্ম সচিব)। সভায় শুরুতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভিডিও ডকুমেন্টারি দেখানো হয়। উপস্থিত ব্যবসায়ী নেতৃবৃন্দ এ প্রদর্শনীর মাধ্যমে অল্প সময়েই কমিশনের গঠন ও কার্যক্রম সম্বন্ধে অবহিত হন। এরপরে প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ক পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন জনাব বিমলেন্দু ভৌমিক, পরিচালক বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। উক্ত সভায় ব্যবসায়ীদের প্রশ্ন, সুপারিশ ও পরামর্শ গ্রহণ করা হয়।

  
২৭/৮/২০২৫  
বিমলেন্দু ভৌমিক  
পরিচালক (উপসচিব)  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
বাণিজ্য মন্ত্রণালয়